

Facebook আপডেট পেতে ক্লিক করুন



নর্থ সাউথ ইউনিভার্সিটি হিউম্যান রিসোর্সেস ক্লাবের আয়োজনে সম্প্রতি 'হোন্ডা প্রেজেন্টস এপিটোমি ৩.০, পাওয়ার্ড বাই শেফস এভিনিউ অ্যান্ড ব্রট টু ইউ বাই মিনিসো'র গ্র্যান্ড ফিনালে ও গালা নাইট সম্প্রতি অনুষ্ঠিত হয়।
ছবি : কালের কণ্ঠ

এনএসইউ হিউম্যান রিসোর্সেস ক্লাবের গ্র্যান্ড ফাইনাল

নিজস্ব প্রতিবেদক >

নর্থ সাউথ ইউনিভার্সিটি হিউম্যান রিসোর্সেস ক্লাবের আয়োজনে 'হোন্ডা প্রেজেন্টস এপিটোমি ৩.০, পাওয়ার্ড বাই শেফস এভিনিউ অ্যান্ড ব্রট টু ইউ বাই মিনিসো'র গ্র্যান্ড ফিনালে ও গালা নাইট সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। এই প্রতিযোগিতার মাধ্যমে বাংলাদেশের উদীয়মান হিউম্যান রিসোর্সেস নেতাদের মেধা, সৃজনশীলতা এবং সম্ভাবনা উঠে এসেছে। অনুষ্ঠানের প্রিন্ট মিডিয়া পার্টনার ছিল দেশের শীর্ষস্থানীয় দৈনিক কালের কণ্ঠ।

আয়োজকরা জানিয়েছেন, তারুণ্যের জয়, ভবিষ্যৎ নেতৃত্ব ও উদ্ভাবনের সন্মানে এই অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে ছয়টি ফাইনালিস্ট দল, নর্থ সাউথ ইউনিভার্সিটির শিক্ষকবৃন্দ, খাত বিশেষজ্ঞ, বিচারক এবং করপোরেট অতিথিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে চূড়ান্ত প্রতিযোগী দলগুলোর উপস্থাপনা মূল্যায়ন করেন বিচারক প্যানেল। এই প্যানেলে ছিলেন পারফেক্ট ভ্যান মেলের এইচআর ডিরেক্টর এম সাকিবর জাহাঙ্গীর, গ্রামীণফোন থেকে হেড অব স্ট্র্যাটেজিক এইচআর পার্টনার প্রোডাক্ট শারিনা তোফাজ্জল, হোন্ডা বাংলাদেশ প্রাইভেট লিমিটেডের চিফ মার্কেটিং অফিসার শাহ মুহাম্মাদ আশেকুর রহমান এফসিএ, এবং ব্রিটিশ-আমেরিকান টোব্যাকো লিমিটেডের সিনিয়র এরিয়া ব্র্যান্ড ম্যানেজার অ্যাডাব মো. আসিফুর রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আব্দুল হান্নান চৌধুরী। নর্থ সাউথ ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক আবদুর রব খান এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির হিউম্যান রিসোর্সেস ক্লাবের ফ্যাকাল্টি অ্যাডভাইজার সৈয়দ ইমামুজ্জামান উপস্থিত ছিলেন। বক্তব্য দেন হোন্ডা থেকে শাহ মুহাম্মাদ আশেকুর রাহমান, মিনিসো থেকে জেসন ইয়ান, গ্রামীণফোন থেকে শারিনা তোফাজ্জল এবং পারফেক্ট ভ্যান মেল থেকে এম সাকিবর জাহাঙ্গীর। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে চ্যাম্পিয়ন, প্রথম রানার আপ এবং দ্বিতীয় রানার আপ দলগুলোকে তাদের অসাধারণ কৌশলগত চিন্তা-ভাবনা এবং হিউম্যান রিসোর্সেস কেস সমাধানের জন্য পুরস্কৃত করা হয়। টিম আর্কাটিক ওল্ডস (চ্যাম্পিয়ন), টিম মিসঅ্যালাইনমেন্ট (প্রথম রানার আপ) এবং টিম ব্রোকেন বাডিস (দ্বিতীয় রানার আপ), এ ছাড়া প্রতিযোগিতার বাকি সব ফাইনালিস্ট দলকে তাদের মেধার স্বীকৃতিস্বরূপ প্রতিটি টিমকে পাঁচ হাজার টাকা করে আর্থিক পুরস্কার দেওয়া হয়। মোট এক লাখ ২০ হাজার টাকা প্রাইজ মানি, ট্রফি, সার্টিফিকেট এবং করপোরেট স্পন্সর ও পার্টনারদের পক্ষ থেকে বিশেষ উপহার প্রদান করা হয়। গৌরবময় গালা নাইট একটি আনুষ্ঠানিক ফটোসেশন এবং নৈশভোজের মাধ্যমে শেষ হয়।